



পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

আচার্য প্রফুল্ল চন্দ্র ভবন, ডিকে-৭/১, সেক্টর-২, বিধাননগর, কলকাতা - ৭০০০৯১

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

গত ১৩/০৩/২০২০ তারিখে একটি বহুল প্রচারিত দৈনিকে ৬ নং পাতায় নবপর্যায় অর্গানাইজার শিক্ষক সংগঠন কলকাতা কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তিটি সর্বৈব মিথ্যা এবং প্রতারণামূলক। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের এবং পর্ষদ সভাপতির সঙ্গে এই বিজ্ঞপ্তির কোনো সংযোগ নেই। ইতিমধ্যে বিষয়টি জানিয়ে পুলিশের কাছে যথা নিয়মে F.I.R. দায়ের করা হয়েছে (No. 1194/2020 Dtd. 13/3/2020)। এছাড়াও প্রশাসনের উচ্চ পর্যায়ে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের আর্জিও জানানো হয়েছে। উক্ত জাল বিজ্ঞপ্তিটির পরিপ্রেক্ষিতে প্রতিটি জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের সভাপতি ও সংশ্লিষ্ট জেলা বিদ্যালয় পরিদর্শকগণকেও উপযুক্ত ব্যবস্থা গ্রহণের এবং এই সংক্রান্ত নথিগ্রহণ না করার নির্দেশ দেওয়া হয়েছে (পর্ষদ মেমো নং ৮২৯(৪২)/বিপিই/২০২০ তাং ১৩/০৩/২০২০)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হচ্ছে, তাঁরা যেন এই প্রতারণামূলক বিজ্ঞাপনের দ্বারা বিভ্রান্ত না হন। পর্ষদের পক্ষ থেকে এই ধরনের শিক্ষক নিয়োগের কোনো বিজ্ঞাপন প্রকাশিত হয় নি। তা সত্ত্বেও যদি কোনো ব্যক্তি/সংগঠন এই বিষয়ে জড়িত হন পর্ষদ বা পশ্চিমবঙ্গ সরকার তার দায় নেবে না। শুধুমাত্র আর্থিক লাভের কথা বিবেচনা করে এই ধরনের প্রতারণামূলক বিজ্ঞাপন পর্ষদের কাছে সত্যাসত্য যাচাই না করে বার বার প্রকাশ করার এই দূরভিসম্বিমূলক প্রচেষ্টার প্রতিবাদ জানিয়ে সংশ্লিষ্ট সংবাদপত্র বিভাগকে সতর্ক করা হয়েছে। প্রশাসন বিষয়টির উপর কড়া নজর রাখছে।

তারিখঃ ১৬/০৩/২০২০

স্বাঃ- ড. মানিক ভট্টাচার্য
সভাপতি